



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৬৪৬৬

তারিখ : ১০/১১/২০১৪খ্রি.

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- , তারিখ- ৩০/০৬/২০১৪খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৫/১১/২০১৪খ্রি. তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, উজিরপুর আলহাজ্ব বি.এন. খান কলেজ, ডাক ও উপজেলা: উজিরপুর, জেলা: বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহ নিয়ে ০১/০৭/২০১৪খ্রি. থেকে ৩০/০৬/২০১৬খ্রি. পর্যন্ত ০২(দুই) বছরের জন্য স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে শিক্ষাবোর্ড বিরত থাকবে।

শাখা	বিষয়
১। আবশ্যিক বিষয়	: বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)
২। নৈর্ব্যাপ্তিক বিষয়	
(ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা, সমাজকর্ম
(খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা
(গ) বিজ্ঞান শাখা	: পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত এবং পরিসংখ্যান
(ঘ) সকল শাখার জন্য	: কৃষি শিক্ষা

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ এর বর্ণনা অনুযায়ী উচ্চমাধ্যমিক শ্রেণির পাঠক্রম থেকে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়টি বাদ দেয়ায় উক্ত বিষয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হলো না।

শর্তাবলী

- প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে
- কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে
- কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

১০.১১.২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

১০/১১/২০১৪

অধ্যক্ষ

উজিরপুর আলহাজ্ব বি.এন. খান কলেজ

ডাক ও উপজেলা: উজিরপুর, জেলা: বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার শাখা, বশিবো
- ৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো
- ৫। সংরক্ষণ নথি